দৈনিক বাংলা

তারিখ ... ১৭. ৯. ৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# মীর্জাপুর ক্যাডেট কলেজ শীর্ষে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষার ভাল ফলাফলে টাঙ্গাইলের মীর্জাপুর ক্যাডেট কলেজের জয় জয়কার। সম্মিলিত মেধা-তালিকায় প্রথম থেকে বিংশত স্থান অধিকারী

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## মীর্জাপুর ক্যাডেট

(প্রথম পৃষ্ঠার পর)

৩৭ জনের মধ্যে ১৪ জনই এ কলেজের ছাত্র। প্রথম স্থান থেকে ৬ষ্ট স্থান অধিকারী ৬ জনই হচ্ছে – কলেজের ছাত্র। তারপর অষ্টম থেকে দ্বাদশ, পঞ্চদশ, সপ্তদশ ও অষ্টাদশ স্থান অধিকারীরা হল এই কলেজেরই ছাত্র। তবে ৫ম, ৯ম, ১২শ, ১৭শ ও ১৮শ স্থানটি যৌথভাবে একাধিক ছাত্র-ছাত্রী অধিকার করেন।

সমাজ বিজ্ঞান গ্রুপের শীর্ষ ২০জনের তালিকায় রয়েছেন এ কলেজের ছাত্রদের মধ্যে ৩ জন। সাধারণ বিজ্ঞান বিভাগের তুলনায় এ বিভাগে তুলনামূলকভাবে এ কলেজের ফলাফল নিষ্প্রভ।

ফলাফলে দিক থেকে মেধা তালিকায় দ্বিতীয় সাফল্যের অধিকারী হচ্ছে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ছাত্রীরা।

এ কলেজের রোকাইয়া হক, রেহানা আহমদ ও কাজী জান্নাতুন নাহার ছাত্রী পরীক্ষার্থীদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন (সম্মিলিতে মেধা তালিকায় তাদের স্থান যথাক্রমে ৫ম, ৯ম ও দ্বাদশ)। সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান উভয় গ্রুপের মেধাতালিকায় ৬৩ জনের মধ্যে ৮ জন হচ্ছেন এ-কলেজের ছাত্রী। ছাত্রীদের মধ্যে এ-কলেজের পরীক্ষার্থী রীনা আফরোজ আলীয়া ও মিলি পারভীন মাত্র এক নম্বরের জন্য সম্মিলিত মেধা তালিকায় অন্তর্ভুক্ত হতে পারেননি। ওরা পেয়েছেন ৮৪৩ নম্বর। তবে এ দুজন ছাত্রীদের ১০ জনের মেধা তালিকায় রযেছেন।

৩।